

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়

মন্ত্রণালয়/বিভাগের নাম: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা : ০৮ (আট) টি
প্রতিবেদনাধীন বছর : ২০২১-২০২২	প্রতিবেদন প্রস্তুতের তারিখ : ২৬/০৭/২০২২

০১। প্রশাসনিক:

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ	বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
মন্ত্রণালয়/বিভাগ	-	-	-	-	-
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এবং এর আওতাধীন সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা)	২৭০	১৪৬	১২৪	-	পদোন্নতির জন্য সংরক্ষিত শূন্যপদ : ৭৯টি প্রবিধানমালায় অন্তর্ভুক্ত না হওয়ায় শূন্য পদ : ১০টি প্রেমণে নিয়োগযোগ্য শূন্য পদ : ০৭টি আউট সোর্সিং এর মাধ্যমে : ১০টি

১.২ শূন্যপদের বিন্যাস

অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
-	-	২৪	০৯	৫৫	৩৩	১২১

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান এবং তদূর্ধ্ব পদ): প্রযোজ্য নয়।

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়

১.৫ অন্যান্য পদের তথ্য

প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা
-	-

১.৬ নিয়োগ বা পদোন্নতি প্রদান

প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	৭
১	২	৩	৪	৫	৬	৭
১৩	০৭	২০	-	-	-	-

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে):

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী /স্পেশালএ্যাসিস্টেন্ট	সচিব	মন্তব্য
১	২	৩	৪	৫
জেলা প্রশাসক, ফেনী কার্যালয়ে বোর্ডের কার্যক্রম সম্পর্কিত মত বিনিময় সভা	-	-		-
বোর্ডে বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম পরিদর্শন	-	-		-
বোর্ডে নিজস্ব জমি বান্দরবানে পরিদর্শন	-	-		
বিভাগীয় কার্যালয়, রাজশাহী পরিদর্শন	-	-		
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা পরিদর্শন	-	-		

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে):

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী /স্পেশালএ্যাসিস্টেন্ট	সচিব	মন্তব্য
১	২	৩	৪	৫
Women and power: Leadership in a new world প্রশিক্ষণে মাকিন যুক্তরাষ্ট্রে গমন ১৫-২০ মে, ২০২২	-	-		-

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা:প্রযোজ্য নয়।

(২) অডিট আপত্তি

২.১. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১জুলাই, ২০২১ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত):

ক্রমিক	মন্ত্রণালয়/ বিভাগ সমূহের নাম	অডিট আপত্তি		ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	
	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	৪৬	১০৭.৮১	৪৬	৩৮	২০০৪-২০১২ অর্থ বছরে মোট ১০৩.৫৭ কোটি টাকার আপত্তি নিষ্পত্তি হয়েছে।	৩৮	৮	২০০৪-২০১২ অর্থ বছরে মোট ১০৩.৫৭ কোটি টাকার আপত্তি নিষ্পত্তি হয়েছে। ২০০৪-২০০৮ অর্থ বছরে ৪.২৪ কোটি টাকার আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় আছে।

২.২ অতীত গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান এবং তদূর্ধ্ব পদ): প্রযোজ্য নয়।

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

প্রতিবেদনাবীন অর্থ-বছরে (২০২১-২০২২) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাবীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকরিচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দণ্ড	মোট	
-	-	-	-	-	-

৪. সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত) :

সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
১	২	৩	৪	৫
-	-	-	-	-

৫. মানবসম্পদ উন্নয়ন:

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (১ জুলাই, ২০২১ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত):

প্রশিক্ষণ কর্মসূচির সংখ্যা	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা
১২০	২৬১

৫.২ মন্ত্রণালয় /অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০২১-২২) কোন ইন্-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর কর্মকর্তা ও কর্মচারীদের ৫০ ঘন্টার ইন্-হাউজ প্রশিক্ষণ কম্পিউটার ল্যাভে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশ গ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: অন্ দা জব ট্রেনিংএর ব্যবস্থা আছে।

৫.৫ প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: প্রযোজ্য নয়।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত)

দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা
১	২
০৪	১২০

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা	
				কর্মকর্তা	কর্মচারি
১	২	৩	৪	৫	৬
২৫	আছে	আছে	আছে	৩১	৬২

(৮) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ)বিধিমালা, ২০০৬ এর আংশিক সংশোধন করা হয়েছে।

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ)বিধিমালা, ২০০৬ এর আংশিক সংশোধন করা হয়েছে।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২১-২০২২ অর্থবছরের কার্যাবলী নিম্নরূপ:

(ক) মাসিক কল্যাণ ভাতা: সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার অক্ষম ও কর্মরত অবস্থায় কোন কর্মকর্তা কর্মচারী মৃত্যুবরণ করলে তার পরিবারকে অনধিক ১৫ (পনের) বছর এবং কর্মকর্তা কর্মচারী অবসর প্রাপ্তির পর ১০ বছর অতিক্রান্ত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে মৃত্যুর তারিখ হতে ১০ বছরের অবশিষ্ট সময় পর্যন্ত সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ধারাবাহিকভাবে মাসিক কল্যাণ ভাতা প্রদান করা হয়। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগীর সংখ্যা
২০২১-২০২২	৬৩,৩৭,৮১,৯৩৩/-	৫০,২৩,০০,১৭৬/-	৩,৯৭৩ এবং পূর্ব হতে চলমান ৩৪,১৮২ জন সহমোট ৩৮,১৫৫ জন, চলতি বছর ২,৫৩৪টি কার্ডের মেয়াদ শেষ হয়েছে।

(খ) বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষাবৃত্তি এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া): সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত, অবসরপ্রাপ্ত, মৃত কর্মকর্তা কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য প্রতি অর্থবছরে একবার চিকিৎসা অনুদান দেয়া হয়। সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার মৃত, অক্ষম ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর অনধিক দু'সন্তানকে নবম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নের জন্য বছরে একবার নির্দিষ্ট হারে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার মৃত, অক্ষম ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর ও তাদের পরিবারের কোন সদস্যের মৃত্যুর ক্ষেত্রে সর্বসাকুল্যে ৩০,০০০/- দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বাবদ প্রদান করা হচ্ছে। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগীর সংখ্যা
২০২১-২০২২	৪০,৩৬,৭৮,৬০০/-	৩৭,৭৪,০৭,৮৯৬/-	২১,২৫৭ জন

(গ) দেশে ও বিদেশে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান: স্বল্প আয়ের কর্মরত সরকারি কর্মকর্তা, কর্মচারীর নিজের দেশে/বিদেশে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসায় চাকুরী জীবনে এক বা একাধিক বারে সর্বোচ্চ ২ (দুই) লাখ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়। সরকারি কর্মকর্তা কর্মচারীদের অসহায় অবস্থায় এ সাহায্য প্রদান সরকারের একটি মহৎ উদ্যোগ। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগীর সংখ্যা
২০২১-২০২২	৪৫,০০,০০,০০০/-	৩০,৪৬,০৭,০০০/-	১,৮৭৫ জন

(ঘ) যৌথবীমার এককালীন অনুদান: সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত অবস্থায় কোন কর্মকর্তা কর্মচারীর মৃত্যু হলে তার পরিবারকে উক্ত কর্মচারীর সর্বশেষ প্রাপ্ত মাসিক মূলবেতনের ২৪ (চব্বিশ) মাসের সমপরিমাণ অর্থ বা অনূর্ধ্ব ২ (দুই) লাখ টাকা যৌথবীমার এককালীন অনুদান হিসেবে প্রদান করা হয়। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগীর সংখ্যা
২০২১-২০২২	৭৯,৫৭,৮৩,০০০/-	৭২,৯১,৬৫,২৪২/-	৩,৯৩৪ জন

(ঙ) শিক্ষাবৃত্তি: প্রজাতন্ত্রের ১৩ থেকে ২০ গ্রেডের কর্মরত সরকারি কর্মচারীদের অনধিক দু'সন্তানকে ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নের জন্য বছরে একবার শিক্ষাবৃত্তি দেয়া হয়। এ কর্মসূচি ১৩ থেকে ২০ গ্রেডের কর্মচারীদের ছেলে মেয়েদের শিক্ষায় বিশেষ অবদান রাখছে। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগীর সংখ্যা
২০২১-২০২২	২৬, ২৭, ৯০, ৫৪৩/-	২৬, ১৯, ৪৫, ০৯৩/-	৬০,০৭৩ জন

(চ) স্টাফবাস কর্মসূচি: স্টাফবাসে যাতায়াতের জন্য বড়বাসে প্রতি কিলোমিটারে ৫০ পয়সা ও মিনিবাসে ১০০ পয়সা হারে ভাড়া আদায় করা হয়। এ কর্মসূচির অধীনে বর্তমানে চলমান ৭৬টি বাসের মধ্যে ৫০টি সরকারের এবং ২৬টি বিআরটিসি হতে ভাড়া কৃত বাস রয়েছে। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগীর সংখ্যা
২০২১-২০২২	১৬,৭০,৯০,০০০/-	১০,৬৫,৩০,৫৫৮/-	৬৯৯৭ জন

(ছ) দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া: সরকারি কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের মৃত্যুর ক্ষেত্রে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অনুদান বাবদ প্রদান করা হচ্ছে। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগীর সংখ্যা
২০২১-২০২২	১০,৬২,৬০,০০০/-	৭,৫৬,৭৩,০০০/-	৩,০২৮ জন

(জ) ক্লাব/কমিউনিটি সেন্টার: সরকারি কর্মকর্তা কর্মচারীদের আবাসিক এলাকায় তাদের দ্বারা পরিচালিত ক্লাব/কমিউনিটি সেন্টারকে এবং নতুন ক্লাব/কমিউনিটি সেন্টারস্থাপনের জন্য প্রতি বছর আর্থিক অনুদান বরাদ্দ দেয়া হয়। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	উপকারভোগী ক্লাব/কমিউনিটি সেন্টারের সংখ্যা
২০২১-২০২২	৫২,০০,০০০/-	১৯,৩০,০০০/-	৩০টি

(ঝ) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা: ঢাকা মহানগরী ও বিভাগীয় পর্যায়ে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুরে কর্মরত সরকারি কর্মকর্তা কর্মচারী ও তাদের সন্তানদের জন্য প্রতি বছর ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	প্রতিযোগীর সংখ্যা
২০২১-২০২২	১,০৪,০০,০০০/-	৯৮,৭১,৬২৪/-	২,৩৪২ জন

(ঞ) মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র: সরকারি কর্মকর্তা কর্মচারীদের ওপর নির্ভরশীল মহিলাদেরকে কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে ঢাকা মহানগরী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশালে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কম্পিউটার, গ্রাফিক্স ডিজাইন, সেক্রেটারিয়েল সাইন্স, সেলাই, এমব্রয়ডারি, উলবুনন কোর্স চালু আছে। প্রশিক্ষণ কেন্দ্রসমূহে সরকারি কর্মকর্তা কর্মচারীদের স্ত্রী ও কন্যাগণ প্রশিক্ষণ গ্রহণ করে বিভিন্ন সরকারি/আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরি নিয়ে এবং নিজে আত্মকর্মসংস্থানের মাধ্যমে তারা সামাজিকভাবে প্রতিষ্ঠা লাভ করছে তেমনি পরিবারে আর্থিক স্বচ্ছলতা আনয়নে ভূমিকা রাখছে। কেন্দ্রগুলোর পরিচালনায় ৪৭টি পদ রয়েছে। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

অর্থবছর	বাজেট বরাদ্দ	ব্যয়িত অর্থ	প্রশিক্ষণার্থীর সংখ্যা
২০২১-২০২২	৪,২১,৩৬,১৩৫/-	২,৮৫,১৪,২০৭/-	৯৫৩ জন

০২। ২০২২-২৩ অর্থবছরে গৃহীতব্য কর্মপরিকল্পনা;

- স্থায়ী আয়ের উৎস সৃষ্টির উদ্দেশ্যে ঢাকাস্থ দিলকুশায় বোর্ডের ৩ বিঘা ১৫ কাঠা জমিতে ১২ তলা ভবন নির্মাণের লক্ষ্যে নকশা ও ডিপিপি প্রণয়ন;
- চট্টগ্রামের আগ্রাবাদস্থ কমিউনিটি সেন্টারের (কল্যাণ কেন্দ্র) স্থলে বহুতল ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন;
- কুয়াকাটায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের রেন্ট হাউজ কাম রিসোর্ট নির্মাণের লক্ষ্যে জমি লীজ গ্রহণ এবং জমিতে সীমানা প্রাচীর নির্মাণ;
- মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের স্থলে বহুতল ভবন নির্মাণের নকশা ও প্রাক্কলন প্রস্তুতকরণ;
- সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন সন্তানদের জন্য দিবা যত্ন কেন্দ্র স্থাপনের পাইলট প্রক্রিয়া চালুকরণ;
- সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের পূর্ণবাসন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে গাজীপুরে সরকারি খাস খতিয়ানভুক্ত ৪.৩৩ একর জমির সীমানা চিহ্নিতকরণ;
- জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের আবেদন অনলাইনে গ্রহণ;
- সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন অনলাইনে গ্রহণের পাইলট প্রক্রিয়া বাস্তবায়ন (প্রধান কার্যালয়);
- স্টাফবাসে যাতায়াতের জন্য টিকেট প্রদান কার্যক্রমের অনলাইন ব্যবস্থাপনা (ই-টিকেটিং) চালু;
- কর্মচারীর পরিবারের নির্ভরশীল মহিলাদের জন্য প্রধান কার্যালয়ের মতিঝিলস্থ প্রশিক্ষণ কেন্দ্রে ২টি নতুন প্রশিক্ষণ কোর্স চালুকরণ।

০৩। SDG – এর লক্ষ্যসমূহ অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা (যদি থাকে); প্রযোজ্য নয়।

০৪। আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা/সমঝোতা স্মারক/চুক্তি এবং বৈদেশিক সফরে অর্জিত সফলতার বিবরণ (যদি থাকে); প্রযোজ্য নয়।

০৫। দপ্তর/সংস্থাসমূহের উন্নয়নের ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ (যদি থাকে); প্রযোজ্য নয়।

- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর দিলকুশায় ১২তলা বিশিষ্ট ২টি ভবন নির্মাণ সংক্রান্ত সর্বশেষ সিদ্ধান্তের প্রেক্ষিতে স্থাপত্য অধিদপ্তর হতে নকশা পাওয়া গেছে;
- চট্টগ্রামের আগ্রাবাদস্থ কমিউনিটি সেন্টারের (কল্যাণ কেন্দ্র) স্থলে বহুতল ভবন নির্মাণ প্রকল্পের প্রণীত নকশা অনুযায়ী ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন;
- কুয়াকাটায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের রেন্ট হাউজ কাম রিসোর্ট নির্মাণের লক্ষ্যে জমি লীজ গ্রহণ এবং জমিতে সীমানা প্রাচীর নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে;
- মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের স্থলে বহুতল ভবন নির্মাণের নকশা ও প্রাক্কলন প্রস্তুতের কাজ চলছে;
- সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের পূর্ণবাসন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে গাজীপুরে সরকারি খাস খতিয়ানভুক্ত ৪.৩৩ একর জমি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর অনুকূলে রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে।

০৬। শৃঙ্খলাজনিত ও দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রম (যদি থাকে):

- সিটিজেন চার্টার-এ সেবা প্রদানের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হচ্ছে;
- সেবার আবেদন অনলাইনে গ্রহণ এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় অর্থ বিভাগের ibas++ এর ডাটাবেজের মাধ্যমে employee verification করা হচ্ছে;
- সেবাপ্রার্থীর নামে যৌথবীমার এককালীন অনুদান, জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান, সাধারণ চিকিৎসা অনুদান, শিক্ষাবৃত্তি, দাফন অনুদান এর মঞ্জুরিকৃত অর্থ সেবাপ্রার্থীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে সরাসরি পৌঁছে দেয়া হচ্ছে;
- GRS এবং NIS এর বাস্তবায়ন;
- আবেদনকারীকে অফিসে visit শূন্যের কোঠায় নামিয়ে আনা হয়েছে।

০৭। ই-গভর্নেন্স/ইনোভেশন বিষয়ে গৃহীত কার্যক্রম:

- “কল্যাণ-যৌথবীমা-দাফন অনুদান একীভূতকরণ” সংক্রান্ত ইনোভেশন উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে।
কোন কর্মচারী কর্মরত/অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন অনুদান (কর্মরত ও অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুজনিত) পেয়ে থাকেন। বর্ণিত ৪টি সেবাকে একীভূত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন প্রদানের অনলাইন ব্যবস্থাপনা (Service Simplification Software) ১৫/১২/২০২১ তারিখ থেকে চালু করা হয়।
- সাধারণ চিকিৎসা অনুদান – ০১/০৭/২০২১ তারিখ থেকে কর্মচারী নিজে আমৃত্যু এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত প্রাপ্য হবেন;
- দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান -
 - ০১/০৭/২০২১ তারিখ থেকে কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত সময়ের মধ্যে কর্মচারীর মৃত্যু হলে বা কর্মচারীর পরিবারের সদস্যের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান প্রদান করা হচ্ছে। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন;
 - ২৭/০১/২০২২ তারিখ থেকে অবসরপ্রাপ্ত কর্মচারী ৭৫ বছর বয়সের মধ্যে মৃত্যুবরণ করলে দাফন অনুদান ১০,০০০/- এর স্থলে ৩০,০০০/- টাকায় উন্নীত করা হয়েছে;
- শিক্ষাবৃত্তি - ০১/০৭/২০২১ তারিখ থেকে কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত তার সর্বোচ্চ ২ সন্তানের ৯ম থেকে তদূর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নের জন্য বছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন;
- “জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান” সেবার যাচাই বাছাই সংক্রান্ত ২টি কমিটি (স্বাস্থ্য অধিদপ্তরের স্থায়ী মেডিকেল বোর্ড এবং অভ্যন্তরীণ যাচাই বাছাই কমিটি) একীভূত করে ১৩/০৯/২০২১ তারিখে বিধিমালা সংশোধনের মাধ্যমে ১টি কমিটি গঠন করা হয়েছে। এতে অন্য দপ্তরের ওপর নির্ভরশীলতা কমেছে এবং অনুদান মঞ্জুরিতে প্রায় ১২ কার্যদিবস সময় সাশ্রয় হয়েছে।

□ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ১০/০৪/২০২২ তারিখ থেকে ইএফটি এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে।

০৮। **কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণে গৃহীত কার্যক্রম:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় হতে আবেদনকারীগণকে আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ, আবেদনে আপত্তি/ত্রুটি থাকলে তা জানিয়ে এবং আবেদন অনুমোদনের বিষয়টি তাদের (সেবাপ্রার্থীর) মোবাইল ফোনে SMS এর মাধ্যমে জানানো হচ্ছে। সেবাপ্রার্থীর নামে যৌথবীমার এককালীন অনুদান, জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান, সাধারণ চিকিৎসা, শিক্ষাবৃত্তি, দাফন অনুদান এর মঞ্জুরিকৃত অর্থ সেবাপ্রার্থীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে সরাসরি পৌঁছে দেয়া হচ্ছে।

০৯। **তথ্য অধিকার আইন, ২০০৯-এর আলোকে গৃহীত কার্যক্রম (তথ্য সরবরাহের মোট আবেদনের সংখ্যা, সরবরাহকৃত তথ্যের সংখ্যা এবং তথ্য কমিশন বরাবর দায়েরকৃত আপিলের সংখ্যা ইত্যাদি);** ২০২১-২০২২ অর্থবছরে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে তথ্য সরবরাহের জন্য ০৪ (চার)টি আবেদন পাওয়া গেছে এবং ০৪ (চার)টি আবেদনের জবাব প্রদান করা হয়েছে।

১০। **মাঠ পর্যায়ের বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম (গণপূর্তবিভাগ/স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়িত প্রকল্প ব্যতীত):**

- চট্টগ্রামের আগ্রাবাদস্থ কমিউনিটি সেন্টারের (কল্যাণ কেন্দ্র) স্থলে বহুতল ভবন নির্মাণ প্রকল্পের প্রণীত নকশা অনুযায়ী ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন;
- কুয়াকাটায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের রেস্ট হাউজ কাম রিসোর্ট নির্মাণের লক্ষ্যে ০.৬৯ একর জমি লীজ গ্রহণ এবং জমিতে সীমানা প্রাচীর নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। এ কাজের জন্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র পাওয়া গেছে;

১১। **প্রতিবেদনে উল্লেখ করার মতো অন্য কোন বিষয়:**

“কল্যাণ ভাতা, যৌথবীমা ও দাফন অনুদান একীভূত করে ১টি ফরমের আবেদন গ্রহণ এবং ১ জন পরিচালকের অধীনে এক সাথে অনলাইনে আবেদন গ্রহণ ও অনুমোদন।

১২। **বার্ষিক প্রতিবেদনে মুদ্রণের জন্য ছবি (যদি থাকে):**



২০২১-২২ অর্থবছরের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে পতাকা উত্তোলন



২০২১-২২ অর্থবছরের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে পুরস্কার বিতরণ



২০২০-২১ অর্থবছরের এপিএ বাস্তবায়নে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ২য় স্থান অর্জন করেছে



২০২০-২১ অর্থবছরের এপিএ বাস্তবায়নে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ২য় স্থান অর্জন করায় জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মাননা প্রদান



অর্থবিভাগের **ibass++** এর সাথে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ডাটা/তথ্য উপাত্ত বিনিময় সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান



বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বন্ধাবন্ধু কর্ণার উদ্বোধন



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভা



"শেখ রাসেল দিবস-২০২১" পালন উপলক্ষ্যে আলোচনা সভা



"শেখ রাসেল দিবস-২০২১" পালন উপলক্ষ্যে আলোচনা সভা ও শিশু-কিশোরদের রচনা প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তিতে অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ



৭ মার্চ ঐতিহাসিক ভাষণ উপলক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আলোচনা সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

